

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 10-01-2026**  
**Time : 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**G Ram G-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ভিবি জি রাম জি আইন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০৪৭ সালে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা গঠনের ক্ষেত্রে একটি ঐতিহাসিক পদক্ষেপ। গতকাল প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজিবিকা মিশন (গ্রামীণ) বা ভিবি জি রাম জি MGNREGA গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে কর্মসংস্থান বৃদ্ধি, বেকার ভাতা বৃদ্ধি, সঠিক সময়ে মজুরি প্রদান করা যাবে। এই আইনের ফলে গ্রামীণ মানুষের উন্নয়ন ঘটবে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ থেকে তিন দিনের গুজরাট সফরে যাবেন। প্রধানমন্ত্রী আজ সন্ধ্যায় সোমনাথে পৌঁছাবেন এবং ওমকার মন্দির জপে অংশগ্রহণ করবেন। তিনি সোমনাথ মন্দিরে ড্রোন শোও দেখবেন। রবিবার, প্রধানমন্ত্রী শৌর্য যাত্রায় অংশ নেবেন।

\*\*\*\*\*

**PM KUSUM :**

গোমতি জেলার অমরপুর মহকুমার ডালাক এডিসি ভিলেজের জনজাতি মহিলা বিজয়া দেবী জমাতিয়া পিএম-কুসুম প্রকল্পে সৌরশক্তির সাহায্যে জল সেচের মাধ্যমে কৃষি কাজ করে আজ আত্মনির্ভর। ডিজেল এবং বিদ্যুতের নির্ভরতা ছাড়াই স্বল্প ব্যয়ে সেচ ব্যবস্থায় ফল, সবজি সহ নানা কৃষিজ

পন্য উৎপাদন করে আর্থিক ভাবে স্বাবলম্বী হয়েছেন তিনি। আগামী ২৬শে জানুয়ারি দিল্লিতে বিশেষ পুরস্কার পাওয়ার জন্য মনোনীত হয়েছেন বিজয়া দেবী জমাতিয়া।

##### Byte-Bijoya Debi Jamantia #####

\*\*\*\*\*

### **Creator's Corner :**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন প্রসার ভারতীর WAVES প্ল্যাটফর্মটি বিশ্বব্যাপী ব্যাপক প্রশংসা পেয়েছে এবং পাঁচ হাজার কোটি টাকার আন্তর্জাতিক ব্যবসাকে সহজতর করেছে। ডিডি নিউজে কন্টেন্ট ক্রিয়েটরদের ক্ষমতায়নের জন্য একটি নতুন প্ল্যাটফর্ম, ক্রিয়েটর'স কর্নারের উদ্বোধন করে শ্রী বৈষ্ণো একথা বলেন। তিনি বলেন, প্রসার ভারতীর এই নতুন উদ্যোগের লক্ষ্য সৃজনশীল কন্টেন্ট প্রদর্শন এবং প্রচার করা। ক্রিয়েটর'স কর্নার সোমবার থেকে শুক্রবার সন্ধ্যা ৭টায় ডিডি নিউজে সম্প্রচারিত হবে।

\*\*\*\*\*

### **Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আধুনিকতার পাশাপাশি নিজেদের কৃষ্টি, সংস্কৃতি এবং ঐতিহ্যকে ধরে রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল ৫ দিন ব্যাপী কাঠালিয়া ব্লক ভিত্তিক পিঠে পুলি উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে তিনি ভোকাল ফর লোকালের উপর জোর দিয়ে রাজ্যকে এগিয়ে নিয়ে যাবার আহ্বান জানান। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ প্রমুখ।

\*\*\*\*\*

### **Jal Utsab :**

তিনদিনব্যাপী মহারানী জল উৎসব আজ থেকে শুরু হচ্ছে। চলবে ১২ জানুয়ারি পর্যন্ত। জল উৎসবের উদ্বোধন করবেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ

রায়। উপস্থিত থাকবেন গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, জিতেন্দ্র মজুমদার প্রমুখ।

\*\*\*\*\*

### **Jitendra Choudhury :**

সিপিএম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী গতকাল দলীয় কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে সিপিএমের পরবর্তী আন্দোলন কর্মসূচির ঘোষণা করেন। তিনি রাজ্যের আইনশৃঙ্খলার অবনতি প্রসঙ্গে উদবেগ প্রকাশ করেন।

\*\*\*\*\*

### **NATGRID Workshop :**

দক্ষিণ জেলা পুলিশ প্রশাসনের উদ্যোগে গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে ন্যাশনাল ইন্টেলিজেন্স গ্রিড পোর্টাল কার্যকরভাবে ব্যবহারের লক্ষ্যে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় সাইবার ক্রাইমের অতিরিক্ত পুলিশ সুপার নির্দেশ দেব জেলা পুলিশ আধিকারিকদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেন।

\*\*\*\*\*

### **Vivekananda Birth Anniversary :**

রাজধানীর শহর দক্ষিণাঞ্চলের স্বামী বিবেকানন্দ ক্লাবের উদ্যোগে তিন দিন ব্যাপী স্বামী বিবেকানন্দ জন্মজয়ন্তী অনুষ্ঠান আজ থেকে শুরু হচ্ছে। সকালে পতাকা উত্তোলনের পর বিকালে ক্যারাটে প্রতিযোগিতা হবে। সন্ধ্যায় হবে উদ্বোধনী অনুষ্ঠান। রবিবার সকালে মেগা স্বাস্থ্য শিবির সহ তিনদিন বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা হবে।

\*\*\*\*\*

### **Tribal Folk Dance :**

জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল জম্পুইজলা মহকুমাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা বুখুরুই কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের উদ্বোধন করেন জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক অবিরাম দেববর্মা। ৫টি দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিজয়ী শিল্পীদলকে ট্রফি তুলে দেন আমন্ত্রিত অতিথিরা।

\*\*\*\*\*

### **Panchyat Budget Traning :**

জোলাইবাড়ি ব্লকের উদ্যোগে গতকাল জোলাইবাড়ি কমিউনিটি সভাগৃহে পঞ্চায়েত বাজেট অভিযান নিয়ে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত দপ্তরের বাজেট অভিযান সম্পর্কে সকলকে অবহিত করেন ব্লকের বিডিও নবব্রত দত্ত।

\*\*\*\*\*

### **Mok Drill-Dharmanagar :**

আগামী ১৩ই জানুয়ারি ধর্মনগরে ভূমিকম্প, বন্যা, অগ্নিকান্ড ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের উপর এক মহড়া অনুষ্ঠিত হবে। এই মহড়ার অঙ্গ হিসেবে উত্তর ত্রিপুরা জেলার মোট ১২টি স্থানে এবং জেলার ৮টি ব্লক কার্যালয়ে দুপুর ১২টায় জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে সাইরেন বাজানো হবে। সাইরেনের শব্দে জনগনকে আতঙ্কিত না হবার জন্য উত্তর জেলা শাসক কার্যালয়ের তরফে আহ্বান জানানো হয়েছে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। গতকাল রাত থেকে রাজ্যের বিভিন্ন জেলার কিছু কিছু স্থানে ঘন কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। সকালে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*